FEB. 1 3 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ...

# রংপুর ও দিনাজপুর মেডিকেল কলেজে পুরনো সিলেবাসে ভর্তি পরীক্ষা ঃ ছাত্রছাত্রীরা হতাশ

**ঠাকুরগাঁও জেলা সংবাদদাতা ঃ** গত ২৬ জানুয়ারী মেডিকেল ভর্তি পরীক্ষা দিয়ে নিরাশ ও হতাশা নিয়ে ফিরে এসেছে ২০০০ সালের এইচএসসি পাস ছাত্রছাত্রীরা। রংপুর ও দিনাজপুর মেডিকেল কলেজে প্রায় ১৬শ' ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে। এতে শতকরা ৭৫ ভাগ ছাত্রছাত্রী নতুন সিলেবাস অর্থাৎ ১৯৯৮-৯৯ সেশনের সিলেবাস অনুযায়ী পরীক্ষার প্রস্তুতি গ্রহণ করে। কিন্তু ২০০০-২০০১ সালের মেডিকেল পরীক্ষায় গত '৯৬-৯৭ সালের পুরাতন সিলেবাস অনুসরণে প্রশ্নমালা তৈরী করা হয় বলে ঠাকুরগাঁও জেলার ছাত্রছাত্রীরা অভিযোগ করেছে।

ফলে প্রশ্নপত্রের উত্তর ১৯৯৮ ও '৯৯ সালের এইচএসসি উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ভালভাবে দিতে সক্ষম হয়েছে বলে রংপুর মেডিকেল কলেজে অংশগ্রহণকারী ছাত্রছাত্রীরা জানান। অপরদিকে কোচিং সেন্টারগুলোর গাইডলাইন এবং দৈনিক প্রথম আলোসহ বেশ কয়েকটি জাতীয় দৈনিকে প্রচারিত হয়েছিল যে, ১৯৯৮-৯৯ সালের এইচএসসি নতুন সিলেবাস অনুযায়ী মেডিকেল কলেজসমূহের প্রশ্নপত্র তৈরী করা হবে। কিন্তু তা হয়নি বলে ছাত্রছাত্রীদের ঠকানো হয়েছে বলে তাদের অভিযোগ।

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকাগণের ধারণা হচ্ছে যে, এই প্রশ্নপত্র তৈরীর পেছনে একটি গভীর ষড়যন্ত্র রয়েছে। এছাড়া অভিজ্ঞমহল মনে করেন, সম্প্রতি শিক্ষা প্রতিষ্ঠান বিশেষ করে বিশ্ববিদ্যালয়গুলোতে জেলাওয়ারী কোটা প্রদান করা হচ্ছে না। চাকরি ক্ষেত্রেও শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রী ও অভিজ্ঞমহল সকলে একমত প্রকাশ করে (বৃহত্তর উত্তরাঞ্চলের জেলাসমূহের) বলেন যে, নম্বরের স্কোরিং প্রথা বলবৎ রেখে নকল প্রবণতা সরকারীভাবে প্রতিপালন করা হচ্ছে। ফলে মেধাভিত্তিক ছাত্রছাত্রীরা বেশী নম্বরের আশায় নকল করার ভয়াবহ অবস্থার দিকে ধাবিত হচ্ছে। সম্প্রতি উক্ত স্কোরিং প্রথা উঠিয়ে দেয়ার সরকারী সিদ্ধান্তের গুঞ্জন মেধাবী ছাত্রছাত্রীদের মধ্যে আশার সঞ্চার করেছিল বলে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণদের পক্ষ থেকে জানা গেছে।